# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১২

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মানুষকে হেদায়েত কিংবা গোমরাহীর দিকে আহবান করে, অতঃপর মানুষ তার আহবানে সাড়া দেয়, সেই ব্যক্তির বিধান

ذِكْرُ الْحُكْمِ فِيمَنْ دَعَا إِلَى هُدًى أَوْ ضَلَالَةٍ فَاتُّبِعَ عَلَيْهِ

আরবী

أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا يَحْيَى بْنُ أَيُّوبَ الْمَقَابِرِيُّ حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ أَخْبَرَنِي الْعَلَاءُ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: "مَنْ دَعَا إِلَى هُدًى كَانَ لَهُ مِنَ الْأَجْرِ مِثْلُ أُجُورِ مَنْ تَبِعَهُ لَا يَنْقُصُ مِنْ أُجُورِهِمْ شَيْءٌ وَمَنْ دَعَا إِلَى ضَلَالَةٍ كَانَ عَلَيْهِ مِنَ الْإِثْمِ مِثْلُ آثَامِ مَنْ تَبِعَهُ لَا يَنْقُصُ ذَلِكَ مِنْ آثامهم شيئا.
الراوي : أبو هريرة | المحدث : شعيب الأرنؤوط | المصدر : صحيح ابن حبان
الصفحة أو الرقم: 112 | خلاصة حكم المحدث: صحيح

বাংলা

১১২. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু তা’আলা আনহু থেকে বর্ণিত, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি মানুষকে হেদায়াতের পথে আহবান করে, সে ব্যক্তি হেদায়াতের অনুসারীদের সমান সাওয়াব পাবেন, এতে তাদের সাওয়াবের কোন কমতি হবে না। অনুরুপভাবে যে ব্যক্তি মানুষকে গোমরাহীর দিকে আহবান করে, তার উপর ভ্রষ্টপথের পথিকদের মতই পাপ বর্তাবে, এতে তাদের পাপের কোন কমতি হবে না।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৬৭৪; আবু দাউদ: ৪৬০৯; তিরমিযী: ২৬৭৪; ইবনু মাজাহ: ২০৬; শারহুস সুন্নাহ: ১০৯। আল্লামা শুআইব আল আরনাঊত হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহা: ৮৬৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88026

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন